# ফ্লুরোকুইনোলোন অ্যান্টিবায়োটিক (-অক্সাসিন)

**রোগীদের জন্য তথ্য এবং পরামর্শ**

## ফার্মেসি

---

ফ্লুরোকুইনোলোন অ্যান্টিবায়োটিক (-অক্সাসিন): টেন্ডন, পেশী, জয়েন্ট, স্নায়ুতন্ত্র এবং মনস্তাত্বিক পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে আপনার যা জানা দরকার।

### মূল তথ্য

- ফ্লুরোকুইনোলোন ওষুধ (সিপ্রোফ্লক্সাসিন, ডেলাফ্লক্সাসিন, লেভোফ্লক্সাসিন, মক্সিফ্লক্সাসিন এবং অফলোক্সাসিন) কার্যকর অ্যান্টিবায়োটিক যা গুরুতর এবং জীবনের-জন্য-হুমকিস্বরূপ সংক্রমণগুলোর চিকিৎসা করে।
- আপনার ডাক্তার কখন ও কিভাবে অ্যান্টিবায়োটিক গ্রহণ করবেন আপনাকে সেই পরামর্শ দেবেন। যদি আপনার মনে হয় আপনার কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হচ্ছে, তাহলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।
- ফ্লুরোকুইনোলোনগুলো টেন্ডন, পেশী, জয়েন্ট এবং স্নায়ুর উপর গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করে বলে জানা গেছে, এবং মানসিক স্বাস্থ্যের উপর প্রভাব ফেলে, যার মধ্যে উদ্বেগ, আতংক আক্রমণ এবং স্মৃতিশক্তি হ্রাস পাওয়া অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে এগুলোতেই সীমাবদ্ধ নয় – অল্প সংখ্যক রোগীর ক্ষেত্রে, এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলো দীর্ঘস্থায়ী অথবা স্থায়ী ডিজেবিলিটি সৃষ্টি করে।
- বর্তমানে উপলব্ধ ডেটা থেকে এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কত ঘন ঘন ঘটে তা গণনা করা সম্ভব নয়। দেখা যাচ্ছে যে এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলো প্রতি 10,000 জনের মধ্যে কমপক্ষে 1 থেকে 10 জনের মধ্যে ঘটে যারা ফ্লুরোকুইনোলোন গ্রহণ করেন।
- ফ্লুরোকুইনোলোনের সাথে সম্পর্কিত এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলোর চিকিৎসার জন্য কার্যকর কোনো ওষুধ এখনও প্রতিষ্ঠিত হয়নি।
- ফ্লুরোকুইনোলোনগুলো বিভ্রান্তি, দিশেহারা হয়ে পড়া, উদ্বেগ, বিষণ্নতা এবং আত্মহত্যার চিন্তা অথবা আত্মহত্যার প্রচেষ্টা সহ মনস্তাত্বিক পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করে বলেও জানা গেছে।
- আপনি আপনার মেজাজ ও আচরণে কিছু কিছু পরিবর্তন নাও লক্ষ্য করতে পারেন তাই আপনার বন্ধুবান্ধব ও পরিবারকে বলা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি এই ওষুধগুলো খাচ্ছেন, এবং এগুলোর সাথে সম্পর্কিত বিরল মনস্তাত্বিক পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে - অন্যরা পরিবর্তনগুলো লক্ষ্য করতে পারেন এবং আপনাকে দ্রুত কোনো উপসর্গ সনাক্ত করতে সহায়তা করতে পারেন এবং এই বিষয়ে আপনার ডাক্তারের সাথে কথা বলার দরকার রয়েছে।
- যদি আপনার মনে আত্মহত্যার চিন্তা আসে অথবা আত্মহত্যার চেষ্টা করে থাকেন, তাহলে আপনার ফ্লুরোকুইনোলনের আর কোনো ডোজ গ্রহণ করবেন না এবং অবিলম্বে আপনার ডাক্তার অথবা অন্য কোনো হেলথকেয়ার প্রফেশনালদের সাথে কথা বলুন।

---

**আপনার ফ্লুরোকুইনোলোন অ্যান্টিবায়োটিক গ্রহণ করা বন্ধ করুন এবং যদি আপনার মধ্যে নিম্নলিখিত পার্শ্বপ্রতিক্রিয়ার লক্ষণগুলো থাকে তবে অবিলম্বে আপনার ডাক্তারের সাথে যোগাযোগ করুন:**

- টেন্ডনের ব্যথা অথবা ফোলাভাব, প্রায়শই গোড়ালি অথবা পায়ের গুল থেকে শুরু হয় - যদি এমনটি ঘটে, তাহলে আপনার ডাক্তারকে না দেখানো পর্যন্ত ব্যথাযুক্ত স্থানটিকে বিশ্রাম দিন।
- আপনার জয়েন্টে ব্যথা অথবা আপনার কাঁধ, বাহু অথবা পায়ের ফোলাভাব।
- অস্বাভাবিক ব্যথা অথবা সংবেদনশীলতা (যেমন ক্রমাগত ঝিঁঝিঁ করা, ঝিনঝিন করা, খোঁচা লাগা, অসাড়তা, অথবা জ্বালা করা), আপনার শরীরে দুর্বলতা, বিশেষ করে পা অথবা বাহুতে, অথবা হাঁটতে অসুবিধা।
- তীব্র ক্লান্তি, বিষণ্ন মেজাজ, উদ্বেগ, আতংক আক্রমণ, বিভ্রান্তি, আপনার স্মৃতিশক্তিজনিত সমস্যা, অথবা ঘুমের তীব্র সমস্যা।
- আপনার দৃষ্টি, স্বাদ, গন্ধ অথবা শ্রবণশক্তিতে পরিবর্তন।

## আপনার ওষুধ সম্পর্কে আপনার প্রশ্ন থাকতে পারে

### ফ্লুরোকুইনোলোন অ্যান্টিবায়োটিকগুলো কী?

ফ্লুরোকুইনোলোন অ্যান্টিবায়োটিক হল ওষুধের একটি গ্রুপ যা ব্যাকটেরিয়া মেরে ফেলে এবং কিছু প্রাণঘাতী সংক্রমণের চিকিৎসায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

যুক্তরাজ্যে, ব্যবহৃত ফ্লুরোকুইনোলোনগুলো হল সিপ্রোফ্লক্সাসিন, ডেলাফ্লক্সাসিন, লেভোফ্লক্সাসিন, মক্সিফ্লক্সাসিন এবং অফলোক্সাসিন। এই পরামর্শ শুধুমাত্র সেইসব ওষুধের ক্ষেত্রে প্রযোজ্য যা গিলে ফেলা হয়, শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে নেওয়া হয়, অথবা শরীরে ইনজেকশনের মাধ্যমে নেওয়া হয়।

### কেন এই ওষুধগুলো সম্পর্কিত পরামর্শ পরিবর্তিত হয়েছে?

এই প্রতিক্রিয়াগুলোর ঝুঁকি কমাতে 2019 সালে ফ্লুরোকুইনোলোনগুলো ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ হয়েছিল। 2023 সালে MHRA যুক্তরাজ্যে এই ব্যবস্থাগুলোর কার্যকারিতা পর্যালোচনা করেছে এবং ঝুঁকি কমানোর জন্য অতিরিক্ত ব্যবস্থা নিয়েছে। পূর্বে সুপারিশ করা হয়েছিল যে ফ্লুরোকুইনোলোনগুলো এমন পরিস্থিতিতে ব্যবহার করা উচিত নয় যেগুলো গুরুতর নয় অথবা যেগুলো নিজে থেকেই ভাল হয়ে যায়, কারণ এই পরিস্থিতিতে ফ্লুরোকুইনোলোনগুলো ব্যবহারের প্রত্যাশিত সুবিধা পার্শ্বপ্রতিক্রিয়ার ঝুঁকির চেয়ে বেশি নয়। এর বাইরে গিয়ে অতিরিক্ত পরামর্শটি হল, যেখানে বলা হয়েছে যে, সকল ধরণের ব্যবহারে ফ্লুরোকুইনোলোন শুধুমাত্র তখনই নির্ধারণ করতে হবে যখন সাধারণভাবে সুপারিশকৃত অন্যান্য অ্যান্টিবায়োটিকগুলো উপযুক্ত হয় না।

### আমি কী করবো যদি আমি মনে করি আমার পার্শ্বপ্রতিক্রিয়া হচ্ছে?

টেন্ডন অথবা পেশীর সমস্যা অথবা বিশেষভাবে অসুস্থ বোধ করা আপনার ওষুধ ব্যতীত অন্য কোনো কারণেও হতে পারে। উপসর্গগুলো তদন্ত করা গুরুত্বপূর্ণ। কথা বলার জন্য সবচেয়ে সেরা ব্যক্তি হলেন আপনার ডাক্তার।

যদি আপনি আপনার ডাক্তারের সাথে দেখা করতে না পারেন, তাহলে পরামর্শের জন্য 111 নম্বরে কল করতে পারেন। যদি আপনার মনে হয় কোনো সমস্যা হচ্ছে সেক্ষেত্রে আপনার ডাক্তারের সাথে কথা বলতে দেরি করবেন না।

### আমার পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে আমি কাকে বলতে পারি?

ইয়েলো কার্ড স্কিমের (Yellow Card scheme) মাধ্যমে যেকোনো পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে MHRA-কে জানান। রিপোর্টগুলো গোপনীয় এবং ওষুধের নিরাপত্তাকে উন্নত করতে সাহায্য করে।

ওয়েবসাইটে **(https://yellowcard.mhra.gov.uk/** ভিজিট করুন অথবা ইয়েলো কার্ড স্কিম অনুসন্ধান করুন) এবং অ্যাপল অ্যাপ স্টোর অথবা গুগল প্লে স্টোরের ইয়েলো কার্ড অ্যাপে পার্শ্ব পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সম্পর্কে রিপোর্ট করুন।

আমাদের হাসপাতাল এবং সার্ভিসগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের **www.swbh.nhs.uk**, ওয়েবসাইটগুলো দেখুন, X ফলো করুন **@SWBHnhs** এবং ফেসবুকে আমাদের লাইক দিন **www.facebook.com/SWBHnhs**

ফ্লুরোকুইনলোন অ্যান্টিবায়োটিক (-অক্সাসিন) থেকে পুনরুৎপাদিত লিফলেট: টেন্ডন, পেশী, জয়েন্ট, স্নায়ুতন্ত্র এবং মনস্তাত্ত্বিক পার্শ্ব প্রতিক্রিয়া 2024 সম্পর্কে আপনার যা জানা দরকার। অনুমতি মেডিসিনস অ্যান্ড হেলথকেয়ার প্রোডাক্টস রেগুলেটরি অ্যাজেন্সি (MHRA) কর্তৃক অনুমোদিত।

এই শিটটি হেলথকেয়ার প্রফেশনালদের ফ্লুরোকুইনোলোন অ্যান্টিবায়োটিকের গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য নিয়ে আলোচনা করতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। আপনার ওষুধের সাথে থাকা লিফলেটটি সর্বদা পড়ুন, যাতে ওষুধ গ্রহণ করা সম্পর্কিত তথ্য এবং জ্ঞাত সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলোর সম্পূর্ণ তালিকা রয়েছে।

আপনি যদি এই লিফলেটে কোনো সংশোধন বা পরিমার্জন করতে চান, অনুগ্রহ করে এসডব্লিউবি লাইব্রেরী সার্ভিসেস এর সাথে 3587 এক্সটেনশনে যোগাযোগ করুন অথবা **swbh.library@nhs.net** ঠিকানায় ইমেইল করুন।

Health & care information you can trust

The Information Standard Certified Member

বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের একটি টিচিং ট্রাস্ট

কে অন্তর্ভুক্ত করছে। Midland Metropolitan University Hospital, City Health Campus, Sandwell Health Campus এবং Rowley Regis Hospital

© Sandwell and West Birmingham NHS Trust

M7631
প্রকাশের তারিখ: জানুয়ারি 2025
পর্যালোচনার তারিখ: জানুয়ারি 2028